# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 07-03-2026 Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ

১) রাষ্ট্রপতি বলেছেন সাঁওতালভাষী জন সাধারণের আন্দোলনের ফলে ২০০৩ সালে অষ্টম সংশোধনীর মধ্য দিয়ে এই ভাষা সংবিধানের স্বীকৃতি লাভ করেছে। তিনি আজ শিলিগুড়িতে নবম আন্তর্জাতিক সাঁওতাল সম্মেলনে ভাষণ দেন।

২) পশ্চিম এশিয়ার উদ্ভুত পরিস্থিতির মধ্যে রাষ্ট্রায়ত্ত তেল সংস্থা গুলি রান্নার গ্যাসের দাম বাড়ানোর কথা ঘোষণা করেছে।

৩) জন ঔষধী দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। ব্যয় সাশ্রয়ী মূল্যে উন্নত মানের ওষুধ সরবরাহে সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে তিনি জানান।

৪) পশ্চিম এশিয়ার সামরিক সংঘাত অষ্টম দিনে পড়ল। ইরান ও ইজরায়েল-মার্কিন বাহিনীর অভিযানে এই সংঘর্ষ আরও তীব্র হয়েছে।

৬) আই এস এল ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং, ব্যাঙ্গালুরু এফ সির মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooooooo

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেন, সাঁওতালভাষী জন সাধারণের আন্দোলনের ফলে, এই ভাষাকে ২০০৩ সালে ৯২ তম সংবিধান সংশোধনীর মধ্য দিয়ে, অষ্টম তপশিলে

অন্তর্ভুক্ত করা হয়েছে। পশ্চিমবঙ্গের শিলিগুড়িতে নবম আন্তর্জাতিক সাঁওতাল সম্মেলনে যোগ দিয়ে তিনি বলেন  কেন্দ্রীয় সরকার সাঁওতালি ভাষায় উচ্চ শিক্ষার জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে । বিদেশেও উচ্চ শিক্ষার জন্য কেন্দ্রীয় সরকার জনজাতি গোষ্ঠীর ছাত্রছাত্রীদের সহায়তা করছে। সম্প্রতি অলচিকি হরফের শতবার্ষিকী উদযাপিত হয়েছে। তবে অলচিকির পাশাপাশি অন্যান্য ভাষা শেখার ওপরেও তিনি গুরুত্ব দেন। নিজেকে এই জনগোষ্ঠীর এক গর্বিত সদস্য বলে তিনি উল্লেখ করেন

(বাইট – রাষ্ট্রপতি)

দেশের স্বাধীনতা আন্দোলনে জনজাতি গোষ্ঠীর অবদান কম ছিল না। ২০২১ সাল থেকে কেন্দ্রীয় সরকার ১৫ ই নভেম্বর ভগবান বিরসা মুন্ডার জন্মদিনটিকে তাই জনজাতী গৌরব দিবস হিসাবে পালন করা হয়।

আজ শিলিগুড়িতে নবম আন্তর্জাতিক সাঁওতাল সম্মেলনে যোগ দিয়েছেন। বিধাননগরের গোঁসাইপুর সংলগ্ন এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার ময়দানে আন্তর্জাতিক সাঁওতাল পরিষদ আয়োজিত ঐ সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় আদাবিসী উন্নয়ন প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকি। রাষ্ট্রপতি শাল গাছের চারাও রোপণ করে দেশকে বিশ্ব উষ্ণায়ন থেকে বাঁচানোর বার্তা দেন। অনুষ্ঠানে আদিবাসী সমাজের আর্থ সামাজিক ও বর্তমান পরিস্থিতি নিয়ে আলোচনা হয়।

oooooooooooooooooooooooooo

নতুন দিল্লির মানেকশ সেন্টারে আগামীকাল আন্তর্জাতিক নারী দিবসের জাতীয় পর্যায়ের উদযাপনের সূচনা করবেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রক কর্তৃক আয়োজিত এই অনুষ্ঠানে কেন্দ্রীয় মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রী অন্নপূর্ণা

দেবী এবং প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুরও উপস্থিত থাকবেন। এই অনুষ্ঠানে সশস্ত্র বাহিনী, পুলিশ এবং অন্যান্য ক্ষেত্রের প্রতিনিধি সহ একাধিক মন্ত্রক, বিভাগ এবং সংস্থার প্রায় এক হাজার মহিলার অংশগ্রহণের সম্ভাবনা রয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানের পর দুটি প্যানেলে আলোচনা অনুষ্ঠিত হবে। প্রথম প্যানেলের আলোচনায় শ্রমবিধি - নারীর ক্ষমতায়ন বৃদ্ধি এবং দ্বিতীয় প্যানেলে উদ্যোক্তা হিসেবে স্বসহায়ক গোষ্ঠীর নারীদের নিয়ে আলোচনা করা হবে। উল্লেখ্য ৮ মার্চ গোটা বিশ্বজুড়ে আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়।

ooooooooooooooooooooooooooo

পশ্চিম এশিয়ায় সংঘাতদীর্ণ পরিস্থিতির মধ্যে রাষ্ট্রায়ত্ত্ব তেল সংস্থাগুলি রান্নার গ্যাসের দাম বাড়ানোর কথা ঘোষণা করেছে। বাড়িতে ব্যবহারের জন্য ১৪ কেজি ২০০ গ্রাম ওজনের রান্নার গ্যাসের সিলিন্ডার পিছু দাম বেড়েছে ৬০ টাকা।

অন্যদিকে, হোটেল রেস্তোঁরায় ব্যবহৃত ১৯ কেজির বাণিজ্যিক গ্যাস সিলিন্ডারের দামও ১১৪ টাকা ৫০ পয়সা করে বাড়ানো হয়েছে।

এই বৃদ্ধির ফলে কলকাতায় বাড়িতে ব্যবহার্য এলপিজি সিলিন্ডারের দাম দাঁড়াচ্ছে ৯৩৯ টাকা। অন্যদিকে বাণিজ্যিক সিলিন্ডারের দাম হয়েছে এক হাজার ৯৯০ টাকা।

কেন্দ্র  অবশ্য আশ্বস্ত করেছে, দেশে তেল ও গ্যাসের কোনো ঘাটতি নেই এবং তা নিয়ে আতঙ্কিক হওয়ার কারণ নেই।  সরকারের পক্ষ থেকে স্পষ্ট জানানো হয়েছে, দেশে জ্বালানীর পর্যাপ্ত মজুত রয়েছে এবং সরবরাহ ও বিতরণ ব্যবস্থা স্বাভাবিকভাবেই চলেছে।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল নতুন দিল্লিতে প্রায় ৩৩ হাজার ৫০০ কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। এর মধ্যে প্রায় ১৮ হাজার ৩০০ কোটি টাকার দিল্লি মেট্রো প্রকল্পের কাজও রয়েছে।

এর মধ্যে – দীপালি চৌক থেকে মজলিস পার্ক পর্যন্ত প্রায় ৯.৯ কিলোমিটার দীর্ঘ ম্যাজেন্টা লাইন করিডর এবং মজলিস পার্ক থেকে মৌজপুর বাবরপুর পর্যন্ত প্রায় ১২.৩ কিলোমিটার দীর্ঘ পিঙ্ক লাইন করিডর রয়েছে ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ জনৌষধী দিবস। এই উপলক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজ মাধ্যমের এক পোস্টে শ্রী মোদী, প্রধানমন্ত্রী ভারতীয় জনৌষধী পরিযোজনা প্রকল্পে সুবিধাভোগীদের বিশেষ করে শুভেচ্ছা জানিয়েছেন। জনৌষধী কেন্দ্রের প্রয়োজনীয়তার কথা তুলে ধরে,প্রধানমন্ত্রী জানান, দেশের অসংখ্য পরিবার কম খরচে স্বাস্থ্য পরিষেবা ,ওষুধ ও চিকিৎসা পেয়েছেন। ব্যায় সাশ্রয়ী মূল্যে উচ্চ গুনমাণ সম্পন্ন ওষুধ সরবরাহে সরকারের প্রতিশ্রুতির প্রতিফলন এই উদ্যোগ বলে তিনি জানান ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ আজ উত্তরাখন্ডের হরিদ্বার সফর করবেন। একদিনের এই সফরে তিনি রাজ্যে বিজেপি সরকারের চার বছর পূর্তিতে 'জন জন কি সরকারঃ চার সাল বেমিসাল" শীর্ষক এক কর্মসূচীতে যোগ দেবেন। এই সময়কালে রাজ্য সরকারের একাধিক সাফল্য এবং রাজ্য স্তরে নতুন অপরাধ আইনের কার্যকর রূপায়নের একটি প্রদর্শনীর উদ্বোধন করবেন তিনি। উত্তরাখন্ডের জন্য একাধিক উন্নয়নমূলক প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করার কথাও রয়েছে তাঁর।

০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম এশিয়ায় সামরিক সংঘাত আজ অষ্টম দিনে পড়ল। এই সংঘর্ষ আরও তীব্র হয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্র, ইজরায়েল এবং ইরান নতুন করে বিমান এবং ড্রোন হামলা চালিয়ে যাচ্ছে। ২৮শে ফেব্রুয়ারী মার্কিন-ইজরায়েল সামরিক বাহিনীর যৌথ হামলায় ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনি এবং অন্যান্য সামরিক কমান্ডার নিহত হওয়ার পর এই অঞ্চলে উত্তেজনা আরও বেড়ে যায়। তেহরানও পাল্টা আক্রমণ শুরু করে ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যে, মার্কিন প্রশাসন ইজরায়েলের কাছে ১৫কোটি ১০ লক্ষ মার্কিন ডলারের নতুন অস্ত্র বিক্রির অনুমোদন দিয়েছে।

ইরানের রাজধানীতে আজ ভোরে ইজ্রায়েলী বাহিনী বিমান অভিযান চালিয়েছে। সামাজিক মাধ্যমে একটি ভিডিওতে দেখা গেছে যে তেহরানের মেহরাবাদ বিমানবন্দরে আগুন লেগেছে। তেহরানের পূর্ব ও পশ্চিম অংশে বিস্ফোরণের শব্দ শোনা গেছে এবং ধোঁয়া দেখা গেছে। রাষ্ট্রসংঘে ইরানের রাষ্ট্রদূত আমির সাইদ ইরাভানি বলেছেন মার্কিন-ইজরায়েলি বিমান হামলায় নারী ও শিশু সহ এক হাজার ৩৩২ জন ইরানি অসামরিক নাগরিক প্রাণ হারিয়েছেন।

মার্কিন সেন্ট্রাল কমান্ড এক বিবৃতিতে জানিয়েছে অপারেশন এপিক ফিউরির প্রথম সপ্তাহে মার্কিন বাহিনী ৩ হাজারেরও বেশি লক্ষ্যবস্তুতে আঘাত করেছে। মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প ইরানের সঙ্গে যেকোনো চুক্তির সম্ভাবনা বাতিল করে দিয়েছেন এবং তাদের নিঃশর্ত আত্মসমর্পণের আহ্বান জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী ট্রাম্প বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্র এবং তার মিত্রদেশগুলি ইরানকে ধ্বংসের দ্বারপ্রান্ত থেকে ফিরিয়ে আনতে অক্লান্ত পরিশ্রম করবে। আগামী দিনে এই দেশকে , অর্থনৈতিকভাবে আগের চেয়ে আরও উন্নত এবং শক্তিশালী করে তোলা হবে।

এদিকে, লেবাননের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা জানিয়েছে পূর্ব লেবাননের হিজবুল্লাহর শক্ত ঘাঁটি নবী চিত শহরের কাছে ইসরায়েলি বাহিনীর সঙ্গে স্থানীয় যোদ্ধাদের সংঘর্ষ হয়েছে। পশ্চিম এশিয়া অঞ্চল জুড়ে উত্তেজনা তীব্র হওয়ার সঙ্গে সঙ্গে সৌদি আরব আবারও ইরানকে সতর্ক করে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মার্কিন যুক্তরাষ্ট্র , আমেরিকা ও ভারতের মধ্যে যাত্রীবাহী , পণ্য এবং চার্টার্ড বিমান চলাচলের জন্য একটি সংশোধিত বৈদেশিক উড়ান পরিষেবার অনুমতি দিয়েছে। মার্কিন পরিবহন দফতর এই মর্মে চলতি সপ্তাহে একটি চূড়ান্ত নির্দেশিকা প্রকাশ করেছে। রাষ্ট্রপতি ট্রাম্প বিষয়টি পর্যালোচনার পর সংশ্লিষ্ট অনুমতি দেওয়া হয়েছে। এর অধীনে এয়ার ইন্ডিয়া ভারত থেকে বা ভারতের ওপর দিয়ে আমেরিকায় এবং আমেরিকার ওপর দিয়ে অন্যান্য আন্তর্জাতিক গন্তব্যে আকাশপথে যাত্রী ও পণ্য পরিবহন করতে পারবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম এশিয়ায় উদ্ভূত পরিস্থিতিতে দেশে সারের কোন সংকট নেই বলে কেন্দ্রীয় সার ও রসায়ন মন্ত্রক জানিয়েছে। আগামী খরিফ মরশুমে প্রয়োজনীয় সার কৃষকদের সরবরাহ করা হবে। মন্ত্রক জানিয়েছে সারের সার্বিক মজুত ৩৬ দশমিক ৫ শতাংশ বৃদ্ধি পেয়ে ১৭৭ দশমিক তিন এক লক্ষ মেট্রিক টনে পৌছেছে। সরকার গত মাসে ৯৮ লক্ষ মেট্রিক টন আমদানি করেছে । আগামী তিন মাসে আরও ১৭ লক্ষ মেট্রিক টন সার আমদানি করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিদেশ প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং আগামীকাল চার দিনের সফরে ব্রিটেন এবং চিলি যাবেন । সেই সঙ্গে চলতি মাসের ৮ থেকে ৯ তারিখ পর্যন্ত লন্ডনে ২৬তম কমনওয়েলথ বিদেশ বিষয়ক মন্ত্রীদের বৈঠকে যোগ দেওয়ার পাশাপাশি কমনওয়েলথ দিবস উদযাপনে ভারতীয় প্রতিনিধিদলের নেতৃত্ব দেবেন।

শ্রী সিং কমনওয়েলথে নেতৃত্ব প্রদান কারী কিছু সদস্য রাষ্ট্রের সঙ্গে মত বিনিময় করবেন। সফরের দ্বিতীয় পর্যায়ে, তিনি ১০ থেকে ১২ ই মার্চ চিলির নব নির্বাচিত রাষ্ট্রপতি জোসে আন্তোনিও কাস্ট রিস্টের সূচনা পর্বের অনুষ্ঠানে ভারতের প্রতিনিধিত্ব করবেন।

এই সফরকালে, শ্রী সিং চিলির বিদায়ী রাষ্ট্রপতি গ্যাব্রিয়েল বোরিক ফন্ট এবং নতুন রাষ্ট্রপতি জোসে আন্তোনিও কাস্ট রিস্টের সঙ্গে বৈঠক করবেন। পাশাপাশি , চিলির নতুন বিদেশমন্ত্রী হোসে ফ্রান্সিসকো পেরেজ ম্যাকেনার সঙ্গে সাক্ষাৎ করার কথা রয়েছে তাঁর । এই সফর ভারত এবং চিলির মধ্যে শক্তিশালী দ্বিপাক্ষিক অংশীদারিত্বের ক্ষেত্রটি আরও মজবুত করবে বলে মনে করা হচ্ছে ।

oooooooooooooooooooooo

সৌদি আরবে গ্রেফতার হওয়া ইজরায়েলের দুই মোজাদ এজেন্ট-এর মধ্যে একজন ভারতীয় রয়েছে বলে দাবি করা সামাজিক মাধ্যমের একটি বার্তায় বিদেশ মন্ত্রক ভুয়ো বলে অভিহিত করেছে। মন্ত্রকের ফ্যাক্ট চেক ইউনিট সামাজিক মাধ্যমের এক পোস্টে এই দাবির পাশাপাশি জনগণকে এই ধরনের অসত্য তথ্যের বিরুদ্ধে সতর্ক থাকার আহ্বান জানানো হয়েছে।

ooooooooooooooooooooo

শিলিগুড়ি করিডোরের কাছে বিহার ও পশ্চিমবঙ্গকে কেন্দ্র করে নতুন কেন্দ্রশাসিত অঞ্চল তৈরির দাবি সম্বলিত সামাজিক মাধ্যমের পোস্টগুলি সরকার

অস্বীকার করেছে। প্রেস ইনফরমেশন ব্যুরোর ফ্যাক্ট চেক ইউনিট এই দাবিগুলিকে ভুয়া বলে অভিহিত করে জানিয়েছে সরকারের তরফে এই ধরণের কোনও প্রস্তাব বিবেচনাধীন নেই, পাশাপাশি নাগরিকদের তথ্যের জন্য সবসময় সরকারী উৎসের উপর নির্ভর করার এবং শেয়ার করার আগে তা যাচাই করার আহ্বান জানিয়েছে তারা।

oooooooooooooooooooooo

ফিট ইন্ডিয়া কার্নিভালের দ্বিতীয় পর্ব আগামীকাল নতুন দিল্লীর জওহরলাল নেহরু স্টেডিয়ামে শুরু হতে চলেছে। আন্তর্জাতিক মহিলা দিবস উপলক্ষে আয়োজিত এই কার্নিভাল চলবে ১০ই মার্চ পর্যন্ত। এবারের কার্নিভালে মহিলা অ্যাথলিট, ইনফ্লুয়েন্সার ও ফিটনেস চ্যাম্পিয়ানেদর ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হবে।

উল্লেখ্য, গত বছর ফিট ইন্ডিয়া কার্নিভালের সাফল্যের পর এবারেও এই কার্নিভালকে ঘিরে ব্যাপক উৎসাহ লক্ষ্য করা যাচ্ছে।

এছাড়াও মেজর ধ্যানচাঁদ স্টেডিয়ামে ফিট ইন্ডিয়া সানডেজ অন সাইকেলের ৬৪ তম সংস্করণেরও আয়োজন করা হচ্ছে।

oooooooooooooooooooooo

আই এস এল ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং , ব্যাঙ্গালুরু এফ সির মুখোমুখি হবে। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। ৩ ম্যাচে ৪ পয়েন্ট সংগ্রহ করে ব্যাঙ্গালুরু লিগ তালিকায় সপ্তম স্থানে আছে। সমসংখ্যক ম্যাচ খেলে শূন্য পয়েন্ট পেয়ে মহামেডান ১৪ দলের লিগে সব শেষে রয়েছে।